

30/6/21

প্রিয় নর্থ ওয়েলসের বাসিন্দা,


আপনার কোভিড-19 টিকা (ভ্যাকসিনেশন) বুক করুন

সকল প্রাপ্তবয়স্ক ব্যক্তিদেরকে কোভিড-19 টিকা তথা ভ্যাকসিন নেওয়ার সুযোগ দেয়া হবে এইমর্মে ফার্স্ট মিনিস্টারের ঘোষণার পরবর্তীতে, বেটসি ক্যাডওয়ালড্র বিশ্ববিদ্যালয় স্বাস্থ্য বোর্ড (Betsi Cadwaladr University Health Board) 18 বছরের বেশি বয়সী প্রত্যেককে তাদের ভ্যাকসিন বুক করার জন্য আমন্ত্রণ জানাচ্ছে। আপনি যদি ইতিমধ্যে আপনার প্রথম বা দ্বিতীয় টিকা বুক করে অথবা গ্রহণ করে থাকেন তবে দয়া করে এই চিঠিটি উপেক্ষা করুন।

টিকা তথা ভ্যাকসিন নেওয়াই হচ্ছে এই ভাইরাস থেকে আমাদেরকে সুরক্ষা করার এবং আমাদের জীবনকে স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনতে সহায়তা করার সর্বোত্তম উপায়। উদাহরণস্বরূপ:

- হলিডেসমুহ, যেক্ষেত্রে দেশগুলো আপনাকে একথা জিজ্ঞাসা করার সম্ভাবনা রয়েছে যে আপনি আপনার টিকা (ভ্যাকসিন) নিয়েছেন কিনা;
- ক্রীড়া ইভেন্ট তথা আয়োজনগুলি এবং বাধানিষেধের আওয়াভুক্ত ক্রিয়াকলাপগুলো স্বাভাবিক পরিস্থিতিতে ফিরে আসা;
- প্রিয়জনদের পূর্ণ মাত্রার বিবাহ অনুষ্ঠান এবং অন্ত্যেষ্টিক্রিয়ার অনুমতি;
- সম্প্রতি পুনরুদ্ধারকৃত স্বাধীনতা উপভোগ করা চালিয়ে যান এবং আরও লকডাউন এড়িয়ে চলুন।

আপনি যদি আগে আপনার এপোয়েন্টমেন্ট মিস করে থাকেন, নিজেকে প্রত্যাহার করে নিয়ে থাকেন এবং এখন আপনার সিদ্ধান্ত পরিবর্তন করে থাকেন, অথবা জানতেন না যে আপনি এখনও এটি পেতে পারেন, তাহলে দয়া করে আপনার জন্য সুবিধাজনক সময়ে এবং দিনে একটি এপোয়েন্টমেন্ট বুক করার জন্য নিম্নে প্রদত্ত পদ্ধতিগুলির মধ্যে একটি ব্যবহার করুন:

এই কিউআর কোডটি (QR code) স্ক্যান করুন	এই ইউআরএলটি ভিজিট করুন	আমাদের বুকিং সেন্টারে কল করুন
	https://cutt.ly/--Vaccination	03000 840004 সোম- শুক্রবারঃ সকাল ৪ টা - সন্ধ্যা ৬ টা শনি এবং রবিবারঃ সকাল ৯ টা - দুপুর ১ টা

যদি আপনার এমন বন্ধু অথবা আত্মীয় থাকে যারা নর্থ ওয়েলসের মধ্যে বাস করেন এবং যাদের এখনও টিকা দেওয়া হয়নি অথবা এখনো তথ্য পাননি, তাহলে দয়া করে নির্ধিকায় তাদের সাথে এই তথ্য ভাগ করে নিন যাতে তারা এই অফার তথা সুযোগটিও নিতে পারেন। টিকাকরণ কর্মসূচি (ভ্যাকসিনেশন প্রোগ্রাম) সম্পর্কে আরও তথ্য পাওয়া যাবে এই সাইটে: [COVID-19 Vaccination Information - Betsi Cadwaladr University Health Board \(nhs.wales\)](https://www.nhs.uk/COVID-19/Vaccination-Information)

আপনাকে ধন্যবাদ

বিসিইউএইচবি ভ্যাকসিনেশন দল